ভোরের কাগজ

MAY 22 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ১ ...

# টেলিফোন সংযোগ ফি ১০ হাজারে নামলো

## মন্ত্রিসভা কমিটির বৈঠকে ২০ হাজার শিক্ষক পুলিশ, সেনা সদস্য নিয়োগের সিদ্ধান্ত

**কাগজ প্রতিবেদক :** টেলিফোন সংযোগ ফি ১৮ হাজার ৪০০ টাকা থেকে কমিয়ে ১০ হাজার টাকা করা হয়েছে। দু-একদিনের মধ্যে এ সংক্রান্ত সরকারি ঘোষণা দেওয়া হবে।

গতকাল মঙ্গলবার অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনীতি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে আসন্ন ২০০২-২০০৩ অর্থবছরের বিভিন্ন দিক নিয়েও আলোচানা হয়েছে। এছাড়া বৈঠকে ২০ হাজার নতুন শিক্ষক এবং কিছু পুলিশ ও সেনা সদস্য নিয়োগেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যতো তাড়াতাড়ি সম্ভব এ নিয়োগের কাজ সম্পন্ন করা হবে। বৈঠক সূত্রে এ তথ্য জানা গেছে।

প্রসঙ্গত, গত শুক্রবার বিশ্ব টেলিযোগাযোগ দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী টেলিফোন সংযোগ ফি কোনোক্রমেই ৪/৫ হাজার টাকার বেশি হওয়া উচিত নয় বলে মন্তব্য করেছিলেন।

জানা যায়, বৈঠকে সাইফুর রহমান বাজেটের প্রাথমিক রূপরেখা ব্যাখ্যা করে বলেন, আগামী

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৪

### টেলিফোন সংযোগ ফি ১০ হাজারে নামলো

● প্রথম পাতার পর

বাজেটের মূল লক্ষ্য হচ্ছে দারিদ্র্য বিমোচন। এ লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বাড়িয়ে কর্মসংস্থান সৃষ্টির দিকে বেশি নজর দেওয়া হয়েছে। বিদেশী সাহায্যের নির্ভরতা কমিয়ে নিজস্ব সম্পদ বাড়ানোর দিকে নজর দেওয়া হয়েছে।

অর্থমন্ত্রী বলেন, আগামী বাজেটে মানবসম্পদ উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্যসহ সামাজিক খাতকে অগ্রাধিকার দেওয়া হবে।

বৈঠকে উপস্থিত অন্য মন্ত্রীরা অর্থমন্ত্রীর বাজেট প্রণয়নের এ প্রক্রিয়ার সঙ্গে একাত্মতা প্রকাশ করেন।

জানা যায়, বৈঠকে বিরাজমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও আলোচনা হয়েছে। এছাড়া বাজেট অধিবেশনে আওয়ামী লীগের সাংসদদের যোগদানের ব্যাপারে উদ্যোগ গ্রহণের বিষয় নিয়েও আলোচনা হয়েছে।

বৈঠক শেষে সাইফুর রহমান উপস্থিত সাংবাদিকদের বলেন, বৈঠকে মূলত আগামী বাজেটের বিভিন্ন বিষয় নিয়ে মন্ত্রীরা আলোচনা করেছেন। এক প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী বলেন, গত ৩/৪ দিনে আইনশৃঙ্খলা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। তিনি বলেন, বর্তমান পরিস্থিতি বিগত আওয়ামী লীগ সরকারের সময়ের চেয়ে ভালো। পরিস্থিতির উন্নয়নে আরো কিছু পদক্ষেপ গ্রহণ করা হবে বলে তিনি জানান।

মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বৈঠকে অন্যান্যের মধ্যে বস্ত্রমন্ত্রী মতিন চৌধুরী, বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেনসহ অন্যান্য মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা উপস্থিত ছিলেন।